

তারিখ: ১৯/০১/২০২০ খ্রি.

২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি (সংশোধিত)

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন করতে আগ্রহী প্রার্থীদেরকে অন-লাইনে (www.nu.ac.bd/admissions) আবেদন ফরম (A4 অফসেট সাদা কাগজে) প্রিন্ট করে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক কলেজের সংশ্লিষ্ট বিভাগে জমাদানের জন্য নির্দেশ দেয়া গেল।

শর্তাবলী:

১। আবেদনের সময়সূচী:

- (ক) আবেদন ফরমের প্রিন্টকপি ও নির্ধারিত ফি জমাদানের তারিখ : ২১/০১/২০২০ হতে ০৩/০২/২০২০ খ্রি.
(খ) আবেদন ফরমের প্রিন্টকপি জমাদানের স্থান : সংশ্লিষ্ট বিভাগ (সকাল ১০:০০ - দুপুর ১:০০ টা)

২। আবেদনের যোগ্যতা:

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
(খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় ৪৫% নম্বর অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা এ প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
(গ) কারাবন্দীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে উত্তম আচরণের প্রত্যয়নপত্র এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।
(ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

৩। আবেদনকারীর প্রাথমিক আবেদন সম্পর্কিত করণীয়:

- (ক) ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) প্রদর্শিত সকল তথ্য (প্রয়োজ্য ক্ষেত্রে) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।
(খ) পাসপোর্ট সাইজের রঙিন ছবি Scan করে (ছবির মাপ ১২০×১৫০ pixels, image type: jpg এবং maximum file size: 50kb) আপলোড করতে হবে।
(গ) ছবিসহ সকল সঠিক তথ্য এন্ট্রি করে Submit অপশন select করলে এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং ফরমটি download করে অফসেট সাদা কাগজে (A-4 সাইজের) প্রিন্ট নিতে হবে।
(ঘ) চূড়ান্ত প্রিন্টকপি কলেজে জমা দেয়ার পূর্বে আবেদন ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই নিজ স্বাক্ষর করতে হবে।

৪। অনুমোদিত বিষয়সমূহ: ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা। উল্লেখ্য যে, বিষয় নির্বাচনের ক্ষেত্রে- স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) প্রোগ্রামে পঠিত বিষয় অবশ্যই হতে হবে।

৫। কাগজপত্রাদি জমা দিতে হবে:

- (ক) এসএসসি, এইচএসসি, স্নাতক (সম্মান), ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।
(খ) স্নাতক (সম্মান)/ ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১কপি করে।
(গ) বর্তমানে জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষাকার্যক্রমে অধ্যয়নরত নই এবং দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবো- মর্মে অঙ্গীকারনামা।
(ঘ) আবেদনকারীকে আবেদন ফি, রেজিস্ট্রেশন ফি, ইনকোর্স ফি ও অন্যান্য ফি বাবদ ১,৪৫০/- (এক হাজার চার শত পঞ্চাশ) টাকা জমা দিতে হবে।

(প্রফেসর মোঃ মঈন উদ্দীন)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ২। বিভাগীয় প্রধান, (সকল বিভাগ), অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৩। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি।
- ৪। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।
- ৫। সংরক্ষণ নথি।